

উপস্থিত :-

মোঃ হাসান জামান, সিনিয়র সহকারী জজ,

সিনিয়র সহকারী জজ, ২য় আদালত, পটিয়া, চট্টগ্রাম

আদেশ নং-৬৫

অদ্য একতরফা আদেশের জন্য ধার্য আছে।

তারিখ- ২৬/০৭/২০২২ ইং

বাদীপক্ষ হাজিরা দাখিল করেননি।

নথি আদেশের জন্য নেওয়া হলো।

নথি পর্যালোচনায় দেখা যায়, বাদী আরজি তফসিল বর্ণিত নালিশী বন্দর মৌজার ৩৪৮ নং
বি এস খতিয়ান ভুল ও অশুন্দভাবে রেকর্ড হয়েছে মর্মে দাবি করিয়া ঘোষনামূলক ডিক্রীর
প্রার্থনায় ১-৪২ নং বিবাদীদের বিরুদ্ধে অত্র মামলা আনয়ন করেছেন।

১-৪২ নং বিবাদীগণ মামলার ছড়াত শুনানী পর্যায়ে অনুপস্থিত থাকায় বিগত ১৭/০৫/২০২২
ইং তারিখের ৬২ নং আদেশমূলে তাদের বিরুদ্ধে এক-তরফা শুনানীর জন্য ধার্য হয়।

অত্র মামলা প্রমানের জন্য বাদীপক্ষে পুলক কান্তি দাশ **P.W.-1** ও বিষেষ্ঠের আইচ
P.W.-2 হিসাবে সাক্ষ্য প্রদান করেছেন। বাদীপক্ষ দাবির সমর্থনে নিন্ববর্ণিত কাগজাদি
দাখিল করেন।

১। বন্দর মৌজার আর এস- ৬৭৭ নং খতিয়ান এর সি.সি প্রদর্শনী- ১

২। একই মৌজার পি.এস $\frac{৬৭৭}{৬৭৭/২}$ নং খতিয়ান এর সি.সি প্রদ- ২

৩। বি এস- ৩৫৬ ও ৩৪৮ নং খতিয়ান এর জাবেদা নকল প্রদর্শনী-৩ সিরিজ

৪। ২১/০৮/২০১৯ ইং তারিখের ৩৬ নং আম-মোকারনামা দলিলের সিসি প্রদ- ৮

৫। ০১/০২/২০২২ ইং তারিখের ওয়ারীশ সনদপত্র প্রদ- ৫ হিসাবে চিহ্নিত করা হয়।

পুলক কান্তি দাশ **P.W.-1** ও বিষেষ্ঠের আইচ **P.W.-2** এর গৃহীত জবানবন্দি, নথি ও
দাখিলকৃত কাগজাদি (প্রদর্শনী ১ -৫) দেখলাম এবং পর্যালোচনা করলাম। সার্বিক
পর্যালোচনায় বাদীপক্ষের নালিশী খতিয়ানভূক্ত সম্পত্তিতে স্বত্ব, স্বার্থ ও দখল বহিয়াছে মর্মে
প্রতীয়মান হয়।

এমতাবস্থায় বাদীপক্ষ অত্র মোকদ্দমা প্রমাণ করতে সক্ষম হয়েছে বলে আমি মনে করি।
সুতরাং বাদীপক্ষ তাদের প্রার্থীত প্রতিকার পেতে হকদার।

প্রদত্ত কোর্ট ফি সঠিক।

অতএব,

আদেশ হয় যে,

ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা ১-৪২ নং বিবাদীপক্ষের বিরুদ্ধে
একত্রফাসূত্রে বিনাখরচায় ডিক্রি হলো।

এই মর্মে ঘোষনা করা যাচ্ছে, নালিশী তফসিল বর্ণিত ভূমিতে বাদীগনের উত্তম ও
অপরাজেয় স্বত্ত্ব রহিয়াছে এবং উক্ত ভূমি সংশ্লিষ্ট বি.এস ৩৪৮ নং খতিয়ানে ১/৩-৬ নং
বাদীগনের এবং ২ নং বাদীর পিতার নামে লিপি না হয়ে ১-৪ নং বিবাদীগণের পিতা এবং
৫-৭ নং বিবাদীদের নামে ১৬ আনা জরিপ ভূল ও অশুলভাবে হইয়াছে, যা যথারীতি বে-
আইনী ও অকার্যকর এবং উহা বাদীগনের উপর বাধ্যকর নয়।

আমার স্বত্ত্বে লিখিত ও সংশোধিত

(মোঃ হাসান জামান)

সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,
পাটিয়া, চট্টগ্রাম

(মোঃ হাসান জামান)

সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত,
পাটিয়া, চট্টগ্রাম